

MBBS ADMISSION TEST: 2019-2020

01. সিলোমহীন পর্ব কোনটি?

- A. Nematoda B. Fasciola hepatica
C. Annelida D. Chordata

Solve : সিলোমের ভিত্তিতে প্রাণীজগত নিম্নোক্ত শ্রেণিভুক্ত: [আজমল+আলীম]

- অ্যাসিলোমেট-Porifera, Nemertea, Cnidaria, Ctenophora Platyhelminthes পর্বভুক্ত প্রাণী; যেমন- হাইড্রা (Hydra viridis), যকৃত কৃমি (Fasciola hepatica) ইত্যাদি।
- স্যাডোসিলোমেট/অপ্রকৃত সিলোমেট/স্বাস্ত সিলোম- Nematoda, Acanthocephala, Entoprocta, Rotifera, Kinorhyncha পর্বভুক্ত প্রাণী; যেমন- চোখ কৃমি (Loa loa)
- ইউসিলোমেট/প্রকৃত সিলোমেট- Mollusca, Annelida, Arthropoda, Echinodermata, Hemichordata, Chordata পর্বভুক্ত প্রাণী; যেমন- কেঁচো (Metaphire posthuma), মশা (Culex pipiens), সমুদ্র তারা (Asterias vulgaris), ইলিশ (Tenulosa ilisha) ইত্যাদি।

02. আগুন প্রশমিত করার জন্য কোন গ্যাস ব্যবহার করা হয়?

- A. Carbon dioxide B. Carbon monoxide
C. Nitrogen oxide D. Sulphur dioxide

Solve : আগুন প্রশমিত করার জন্য Carbon dioxide (CO₂) গ্যাস ব্যবহার করা হয়। এটি আগুনের উপর একটি স্তর সৃষ্টি করে অক্সিজেনের সরবরাহ বাধাগ্রস্ত করে ফেলে; যার দরুণ আগুন প্রশমিত হয়।

03. পদার্থবিদ্যার আওতায় আসে না কোনটি?

- A. Astronomy B. Anthropometry
C. Electromagnetism D. Thermodynamics

Solve : পদার্থবিদ্যার আওতাভুক্ত বিষয়সমূহ:

- i. বলবিদ্যা (Mechanics)
- ii. তাপবিজ্ঞান (Heat)
- iii. শব্দবিজ্ঞান (Sound)
- iv. আলোকবিজ্ঞান (Light)
- v. চুম্বকবিজ্ঞান (Magnetism)
- vi. তড়িৎবিজ্ঞান (Electricity)
- vii. তড়িচ্চুম্বকবিজ্ঞান (Electromagnetism)
- viii. তাপগতিবিদ্যা (Thermodynamics)
- ix. জ্যোতির্বিদ্যা (Astronomy)
- x. ইলেকট্রনিক্স (Electronics)
- xi. আপেক্ষিকতা (Relativity)
- xii. নিউক্লিয়ার পদার্থবিজ্ঞান (Nuclear physics)
- xiii. কোয়ান্টাম পদার্থবিজ্ঞান (Quantum physics)

04. Which one of the following is not a noun?

- A. Loneliness B. Childhood
C. Purity D. Fairly

Solve : 'Fairly' শব্দটি Noun নয়; এটি হলো Adverb- যার অর্থ নিরপেক্ষভাবে বা চূড়ান্তভাবে। উল্লেখ্য যে, সাধারণত যেসব ইংরেজি শব্দের শেষে -ness, -hood, -ty, ship, -tion, -sion, -ence, -dom, -ment, -ance প্রভৃতি Suffix থাকে সেগুলো Noun. যেমন: Kindness, happiness, manhood, motherhood, childhood, Loneliness, purity, honesty, beauty, humility, friendship, kingship, ownership, affection, emotion, obedience, defence, wisdom, freedom, argument, judgement, perseverance ইত্যাদি।

05. কার অর্থায়নে "পদ্মা সেতু" নির্মিত হচ্ছে-

- A. বিশ্ব ব্যাংক B. এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক
C. আই এম এফ D. বাংলাদেশ সরকার

Solve : বাংলাদেশ সরকারের অর্থায়নে পদ্মা সেতু নির্মিত হচ্ছে।

Note: পদ্মা সেতু সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য:

- পদ্মা সেতুর দৈর্ঘ্য: ৬.১৫ কি.মি.
- পদ্মা সেতুর প্রস্থ: ১৮.১০ মি.
- পদ্মা সেতুর পিলারের সংখ্যা: ৮২ টি
- পদ্মা সেতুর স্প্যানের সংখ্যা: ৪১ টি
- পদ্মা সেতুর লেন সংখ্যা: ৪টি
- পদ্মা সেতুর পাইল সংখ্যা: ২৬৪ টি
- ২৯ সেপ্টেম্বর ২০১৭ সালে ৩৭ ও ৩৮ নং পিলারের উপর প্রথম স্প্যান বসানো হয়।
- পদ্মা সেতুটি মুন্সিগঞ্জ এবং শরিয়তপুর জেলা দুটিকে সংযুক্ত করবে।
- পদ্মা সেতুটির মূল অংশের কাজ শুরু হয়- ১২ ডিসেম্বর ২০১৫ সালে।
- পদ্মা সেতুটি নির্মাণ করা হচ্ছে- মাওয়া-জাজিরা পয়েন্টে।

06. 5% Sodium carbonate solution এর মোলারিটি কত?

- A. 0.88 M B. 0.74 M
C. 0.47 M D. 0.98 M

Solve : এখানে, Na₂CO₃ এর আণবিক ভর, m = (23 × 2) + 12 + (16 × 3) = 106 g

$$\therefore \text{ঘনমাত্রা, } S = \frac{100 \times 5}{106 \times 100} = 0.47 \text{ M}$$

07. 'কবুতর' কোন শ্রেণির প্রাণী?

- A. Amphibia B. Reptilia
C. Actinopterygii D. Aves

Solve : প্রাণীজগতের কয়েকটি গুরুত্বপূর্ণ শ্রেণির প্রাণীর উদাহরণ:

[আজমল+আলীম]

- i. Amphibia: স্যালামান্ডার, সোনাব্যাঙ, গোছোব্যাঙ, উড়ন্ত ব্যাঙ, আসমতি ব্যাঙ ইত্যাদি।
- ii. Reptilia: ঘড়িয়াল, টিকটিকি, কড়িকাইটা, কচ্ছপ, গোখরা সাপ প্রভৃতি।
- iii. Actinopterygii: ইলিশ মাছ, রুই মাছ, টাকি মাছ প্রভৃতি।
- iv. Aves: কাক, কবুতর, দোয়েল, চড়ুই, তিতির, কুকা প্রভৃতি।
- v. Mammalia: মানুষ, বাঘ, সিংহ, প্রাতিপাস, ক্যাসক, নীল তিমি, বান্দর প্রভৃতি।

08. নিচের কোন পদ্ধতি পানির স্থায়ী খরতা দূর করার জন্য ব্যবহার করা যায় না?

- A. ফুটন্তকরণ
B. পাতন
C. Sodium carbonate সংযোজন
D. Caustic soda সংযোজন

Solve : ফুটন্তকরণের মাধ্যমে কেবল পানির অস্থায়ী খরতা দূর করা যায়।

Note: নিচের তথ্যগুলো অবশ্যই জেনে রাখবে: [হাজারী+সঞ্জিত]

- পানির স্থায়ী খরতার জন্য দায়ী- Ca²⁺, Mg²⁺, Al³⁺ এর ক্লোরাইড, নাইট্রেট ও সালফেট লবণ
- পানির অস্থায়ী খরতার জন্য দায়ী- Ca²⁺, Mg²⁺, Al³⁺, Fe²⁺ এর বাইকার্বনেট লবণ।
- কিছু প্রাইমারি দূষক: ধূলিকণা, ছাই, ধোয়া, SO₂, CO₂, CO, NH₃, H₂S, হাইড্রোক্যার্বন।
- কিছু সেকেন্ডারি দূষক: SO₃, NO₂, H₂SO₄, N₂O₅

99. সেলসিয়াস স্কেলে ৯৮.৫০ ফারেনহাইট তাপমাত্রার মান কত?

- A. 35.944°C
B. 45.456°C
C. 36.544°C
D. 36.944°C

Solve: আমরা জানি, $\frac{C}{5} = \frac{F - 32}{9} \Rightarrow C = \frac{(F - 32) \times 5}{9}$
 $\Rightarrow C = \frac{(98.5 - 32) \times 5}{9}$
 $\Rightarrow C = 36.944^\circ\text{C}$

10. Synonym of 'Ability' are all of the following except:

- A. Talent
B. Avail
C. Skill
D. Competency

Solve: 'Ability' শব্দটির অর্থ 'দক্ষতা' যার Synonym হলো: Talent, Skill, Competency, Qualification, Strength, Capability, Capacity, Intelligence প্রভৃতি। অপরদিকে Avail শব্দটির অর্থ সুযোগ/লাভ।

Note: দেখে নাও কিছু প্রয়োজনীয় শব্দের Synonym: ✗

শব্দ	Synonym
Ascent (আরোহণ)	jump
Authentic (প্রকৃত)	genuine
Arduous (কষ্টকর)	tedious
Altruism (পরিহিত ব্রত)	philanthropy.
Amenable (সম্মত)	agreeable
Apex (শীর্ষবিন্দু)	zenith
Auspicious (মঙ্গলজনক)	fortunate
Adulteration (ভেজাল)	contamination
Abortive (ব্যর্থ)	unsuccessful
Aroma (সুগন্ধি)	fragrance
Absorbed (গভীরভাবে আকৃষ্ট)	engrossed
Appraise (মূল্য নির্ধারণ করা)	criticise
Assemble (জড়ো বা সমবেত হওয়া)	unite
Astute (তীক্ষ্ণবুদ্ধি)	shrewd
Amicable (বন্ধুভাবাপন্ন)	friendly
Appease (প্রশমিত করা)	placate
Altercation (কলহ)	quarrel
Abstain (বিরত থাকা)	pause
Analogues (সদৃশ)	similar

11. পরম শূন্য তাপমান হচ্ছে ঋণাত্মক-

- A. 273.15°C
B. 273.25°C
C. 273.45°C
D. 273.35°C


Solve: যে তাপমাত্রায় স্থির চাপে কোনো নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন শূন্য হয় এবং গতিশক্তি সম্পূর্ণরূপে লোপ পায় তাকে পরমশূন্য তাপমাত্রা বলে। এর মান - 273.15°C বা 0 K.

12. নিচের কোন জীবে আদিকোষ থাকে?


- A. ব্রায়োফাইটস
B. ছত্রাক
C. শৈবাল
D. ব্যাকটেরিয়া

Solve: দেখে নাও কোষের প্রকারভেদ ও উদাহরণ: [হাসান]

→ শারীরবৃত্তীয় কাজের ভিত্তিতে কোষ ২ প্রকার। যথা:



→ নিউক্লিয়াসের গঠনের ভিত্তিতে কোষ ২ প্রকার। যথা-



13. Antonym of 'Refractory' is-

- A. Cussed
B. Intractable
C. Stubborn
D. Obedient

Solve: 'Refractory' শব্দটির অর্থ একগুয়ে বা অবাধ্য এবং Cussed, Intractable, Stubborn শব্দগুলোর অর্থও একগুয়ে। কিন্তু Obedient শব্দটি অর্থ বাধ্য।

Note: জেনে নাও কিছু প্রয়োজনীয় শব্দের Antonyms: ✗

শব্দ	Antonyms
Preamble (প্রস্তাবনা)	Postscripts
Pseudo (মিথ্যা)	Honest
Persuade (প্ররোচিত করা)	Dissuade
Ruthless (নির্দয়)	Merciful
Reclusive (সন্ন্যাসী)	Gregarious
Recalcitrant (অবাধ্য)	Compliant
Paltry (তুচ্ছ)	Significant
Resilience (স্থিতিস্থাপক)	Unyielding
Rigorous (কঠিন)	Lax
Revoke (প্রত্যাহার করা)	Maintain
Radical (প্রগতিবাদী)	Conservative
Reluctantly (বিমুখভাবে)	Eagerly
Reckless (অসাবধান)	Careful

14. অক্সিজেনের কতটি আইসোটোপ পাওয়া যায়?

- A. চারটি
B. দুইটি
C. একটি
D. তিনটি

Solve : অক্সিজেনের তিনটি আইসোটোপ: $^{16}_8\text{O}$, $^{17}_8\text{O}$, $^{18}_8\text{O}$.

Note: দেখে নাও বিভিন্ন আইসোটোপ, আইসোবার, আইসোটোন, আইসোমারের উদাহরণ:

★ আইসোটোপ: [বিভিন্ন লেখক]

→ যেসব পরমাণুর প্রোটন সংখ্যা একই কিন্তু ভর সংখ্যা ভিন্ন তাদেরকে পরস্পরের আইসোটোপ বলে। যেমন-

- i. ^1_1H , ^2_1H , ^3_1H ii. $^{12}_6\text{C}$, $^{13}_6\text{C}$, $^{14}_6\text{C}$
iii. $^{16}_8\text{O}$, $^{17}_8\text{O}$, $^{18}_8\text{O}$ iv. $^{31}_{15}\text{P}$, $^{32}_{15}\text{P}$
v. $^{35}_{17}\text{Cl}$, $^{37}_{17}\text{Cl}$ vi. $^{51}_{24}\text{Cr}$, $^{52}_{24}\text{Cr}$
vii. $^{127}_{53}\text{I}$, $^{129}_{53}\text{I}$, $^{131}_{53}\text{I}$ viii. $^{20}_{10}\text{Ne}$, $^{22}_{10}\text{Ne}$

★ আইসোবার: [বিভিন্ন লেখক]

→ যেসব পরমাণুর পারমাণবিক সংখ্যা ভিন্ন কিন্তু ভর সংখ্যা অভিন্ন বা একই তাদেরকে পরস্পরের আইসোবার বলে।

- i. ^3_1H , ^3_2He ii. $^{34}_{16}\text{S}$, $^{34}_{15}\text{P}$
iii. $^{64}_{29}\text{Cu}$, $^{64}_{30}\text{Zn}$ iv. $^{138}_{56}\text{Ba}$, $^{138}_{57}\text{La}$, $^{138}_{58}\text{Ce}$
v. $^{14}_6\text{C}$, $^{14}_7\text{N}$ vi. $^{54}_{24}\text{Cr}$, $^{54}_{26}\text{Fe}$
vii. $^{204}_{80}\text{Hg}$, $^{204}_{82}\text{Pb}$ viii. $^{40}_{18}\text{Ar}$, $^{40}_{19}\text{K}$, $^{40}_{20}\text{Ca}$

★ আইসোটোন: [বিভিন্ন লেখক]

→ যেসব পরমাণুর নিউট্রন সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ও ভর সংখ্যা উভয়ই ভিন্ন, তাদেরকে পরস্পরের আইসোটোন বলে।

- i. ^3_1H , ^4_2He ii. $^{23}_{11}\text{Na}$, $^{24}_{12}\text{Mg}$
iii. $^{23}_{11}\text{Na}$, $^{27}_{15}\text{P}$ iv. $^{35}_{17}\text{Cl}$, $^{33}_{15}\text{P}$, $^{34}_{16}\text{S}$
v. $^{39}_{19}\text{K}$, $^{40}_{20}\text{Ca}$, $^{37}_{17}\text{Cl}$ vi. $^{13}_6\text{C}$, $^{14}_7\text{N}$
vii. ^3_1H , ^3_2He viii. $^{30}_{14}\text{Si}$, $^{31}_{15}\text{P}$, $^{32}_{16}\text{S}$
ix. $^{204}_{82}\text{Pb}$, $^{211}_{89}\text{Ac}$

★ আইসোমার: [সঞ্জিত]

→ যেসব পরমাণুর নিউক্লিয়াসের পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যা পরস্পর সমান কিন্তু তাদের অভ্যন্তরীণ গঠন ও তেজস্ক্রিয় ধর্মের মধ্যে বৈসাদৃশ্য রয়েছে তাদেরকে পরস্পরের আইসোমার বলে। যেমনঃ

- i. $^{82}_{35}\text{Br}$, $^{82}_{35}\text{Br}$

★ **Secret** কথাঃ আইসোটোপ, আইসোবার, আইসোটোন প্রত্যেকটির শেষের বর্ণ স্থির থাকবে। যেমন : আইসোটোপে (শেষ বর্ণ 'প') প্রোটন সংখ্যা স্থির, আইসোটোনে (শেষ বর্ণ 'ন') নিউট্রন সংখ্যা স্থির আইসোমারে (শেষ বর্ণ 'র' অর্থাৎ 'বার) ভর সংখ্যা স্থির।

15. কোন রক্ত কণিকা অ্যান্টিবডি তৈরি করে?

- A. বেসোফিল
B. টি-লিম্ফোসাইট
C. বি-লিম্ফোসাইট
D. লিম্ফোসাইট

Solve : বি-লিম্ফোসাইটের একটি উপধরন হলো প্লাজমা কোষ, যা অ্যান্টিবডি উৎপন্ন করে। মানবদেহে প্রায় ১০০ মিলিয়ন ধরনের অ্যান্টিবডি উৎপন্ন হতে পারে।

16. চাপের SI একক কোনটি?

- A. cmHg B. Pascal
C. cmH₂O D. mmHg

Solve : দেখে নাও বিভিন্ন রাশির একক ও মাত্রা: [হিসহাক+তপন]

রাশির নাম	একক	মাত্রা
বেগ, দ্রুতি	মিটার/সেকেন্ড (ms ⁻¹)	LT ⁻¹
ত্বরন	মিটার/সেকেন্ড (ms ⁻²)	LT ⁻²
ভর বেগ	কিলোগ্রাম-মিটার/সেকেন্ড (kgms ⁻¹)	MLT ⁻¹
বল	নিউটন (kgms ⁻²)	MLT ⁻²
কাজ, শক্তি	জুল (N.m)	ML ² T ⁻²
ক্ষমতা	ওয়াট (J.s ⁻¹)	ML ² T ⁻³
ঘনত্ব	কিলোগ্রাম/মিটার ³ (kgm ⁻³)	ML ⁻³
চাপ	প্যাসকেল (Nm ⁻²)	ML ⁻¹ T ⁻²
তাপ	জুল (N.m)	ML ² T ⁻²
তাপ ধারণ ক্ষমতা	জুল/কেলভিন (J.k ⁻¹)	ML ² T ⁻² θ ⁻¹
আপেক্ষিক তাপ	জুল/কিলোগ্রাম-কেলভিন (J.kg ⁻¹ k ⁻¹)	L ² T ⁻² θ ⁻¹
তাপ পরিবাহকত্ব	ওয়াট/মিটার - কেলভিন (wm ⁻¹ k ⁻¹)	MLT ⁻³ θ ⁻¹
দীপন তীব্রতা	ক্যান্ডেলা (cd)	J
দীপন/আলোক ফ্লাক্স	লুমেন (cd.sr)	J
দীপন	লাক্স (lm.m ⁻²)	JL ⁻²
তড়িৎ তীব্রতা	নিউটন/কুলম্ব (N.C ⁻¹)	MLT ⁻³ I ⁻¹
তড়িৎ বিভব	ভোল্ট (J.C ⁻¹)	ML ² T ⁻³ I ⁻¹
তড়িৎ চালক শক্তি	ভোল্ট (J.C ⁻¹)	ML ² T ⁻³ I ⁻¹
রোধ	ওহম (Ω) (V.A ⁻¹)	ML ² T ⁻³ I ⁻²
আপেক্ষিক রোধ	ও'ম-মিটার (Ω-m)	ML ³ T ⁻³ I ⁻²
পরিবাহিতা	সিমেন্স (V.A ⁻¹)	M ⁻¹ L ⁻³ T ³ I ²
পরিবাহকত্ব	প্রতি ও'ম- প্রতি মিটার (Ω ⁻¹ - m ⁻¹)	M ⁻¹ L ⁻³ T ³ I ²
দীপন মাত্রা	লাক্স (lm.m ⁻²)	JL ⁻²
অবস্থান ভেক্টর	মিটার (m)	L
আপেক্ষিক সূপ্ত তাপ	জুল/কিলোগ্রাম (J.kg ⁻¹)	L ² T ⁻²
লেসের ক্ষমতা	ডাইঅপ্টার (d)	L ⁻¹

17. The word 'right' has been used as a verb which of the following sentences?

- A. It is a matter of right.
B. Serve him right.
C. It is such a fault that it will right itself.
D. He is the right man for the job.

Solve : 'right' শব্দটি অপশন (A) তে Noun, অপশন (B) তে Adverb, অপশন (C) তে Verb এবং অপশন (D) তে Adjective হিসেবে ব্যবহৃত হয়েছে।

Note: জেনে নেই বিভিন্ন Parts of Speech এর Verb form:

Different parts of speech	Verb form
Active	Act
Ability	Enable
Full	Fill
Habit	Habituate
Defiance	Defy
Danger	Endanger
Public	Publicise
Fool	Befool
Bitter	Embitter
Act	Enact
Shortly	Shorten
Trauma	Traumatize
Studious	Study
Imitative	Imitate
Addition	Add
Authority	Authorise

18. নিচের কোন অঙ্গ ইরিত্রোপোয়েটিন (Erythropoietin) উৎপাদন করে?

- A. ফুসফুস
B. মগজ
C. বৃক্ক
D. হৃৎপিণ্ড

Solve : দেখে নাও বৃক্কের কাজ: [আজমল]

- দেহে এবং রক্তে পানির ভারসাম্য রক্ষা করা।
- যথাযথ আয়নিক কম্পোজিশন বজায় রাখা।
- হরমোন (যথা- ইরিত্রোপোয়েটিন) নিঃসরণ করা।
- এনজাইম (যথা-রেনিন) নিঃসরণ করা।
- রক্তচাপ নিয়ন্ত্রণ করা।
- দেহে প্রবিশ্ট প্রতিবিষ ও ভেযজ পদার্থসমূহকে দেহ থেকে অপসারণ করা।
- নাইট্রোজেন জাতীয় বর্জ্য অপসারণ।
- দেহে এবং রক্তে অম্ল ও ক্ষারের ভারসাম্য রক্ষা করা।
- রক্তে বিভিন্ন লবণের পরিমাণ ও রক্তচাপ নিয়ন্ত্রণ করা।
- গ্লাইকোনিওজেনোসিস প্রক্রিয়া নিয়ন্ত্রণ।

19. বাংলা একাডেমির মূল ভবনের নাম কি ছিল?

- A. চামেলি হাউস
B. বাংলা ভবন
C. আহসান মঞ্জিল
D. বর্ধমান হাউস

Solve : জেনে নাও 'বাংলা একাডেমি' সম্পর্কিত বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য:

- বাংলা একাডেমির মূল ভবনের নাম- বর্ধমান হাউস।
- বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়- ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর।
- বাংলা একাডেমির প্রথম সভাপতি- মওলানা মোহাম্মদ আকরম খাঁ।
- বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক- ড. ময়হারুল ইসলাম।
- বাংলা একাডেমি স্বাধীনতা পুরস্কার লাভ করে- ২০১০ সালে।

20. নিচের কোনটি দ্বিস্তরী?

- A. ফিতা কৃমি
B. হাইড্রা
C. জোক
D. ম্যালেরিয়ার জীবাণু

Solve : নিডারিয়া পর্বের সকল প্রাণী দ্বিস্তরী। এ পর্বের অন্যান্য গুরুত্বপূর্ণ প্রাণিগুলো হলো- জেলি ফিশ, নীল বুতাম, সমুদ্রের পাখা, ভাসমান সন্ত্রাস, টিউব অ্যানিমাল, সমুদ্রের কলম প্রভৃতি।

21. তরলিত প্রাকৃতিক গ্যাস কিসে সমৃদ্ধ?

- A. Propane
B. Methane
C. Hexane
D. Butane

Solve : প্রাকৃতিক গ্যাস থেকে CO₂, H₂S ও উচ্চ আণবিক ভরবিশিষ্ট হাইড্রোকার্বনসমূহকে অপসারিত করে মূলত CH₄ গ্যাসকে নিম্নতাপমাত্রা -160°C এ শীতল করে চাপে তরলে পরিণত করা হয়।

22. উত্তল লেন্স কেমন হতে পারে না?

- A. Concavo-convex ✓
B. Cylindrical
C. Plano-convex ✓
D. Bi-convex ✓

Solve : দেখে নাও লেন্সের প্রকারভেদ:

→ লেন্স প্রধানত ২ প্রকার। যথা:

- স্থূলমধ্য বা উত্তল বা অভিসারী লেন্স (Convex lens)
 - ক্ষীণমধ্য বা অবতল বা অপসারী লেন্স (Concave lens)
- প্রত্যেক প্রকার লেন্স আবার ৩ প্রকার। যথা:

• উত্তল লেন্সের প্রকারভেদ:

- উভোত্তল বা দ্বি-উত্তল লেন্স (biconvex lens)
- সমতলোত্তল লেন্স (plano-convex lens)
- অবতলোত্তল লেন্স (concave-convex lens)

• অবতল লেন্সের প্রকারভেদ:


- উভাবতল বা দ্বি-অবতল লেন্স (biconcave lens)
- সমতলাবতল লেন্স (plano-concave lens)
- উত্তলাবতল লেন্স (convexo-concave lens)

23. মাইটোসিসে কোষের ভিতরে নিউক্লিয়াসের বিভাজনকে কী বলে?

- A. অ্যামাইটোসিস
B. ক্যারিওকাইনেসিস
C. সাইটোকাইনেসিস
D. ডায়াকাইনেসিস

Solve : দেখে নাও বিভিন্ন কোষ বিভাজন: [হাসান]

→ কোষ বিভাজন প্রধানত ৩ প্রকার। যথা:



→ নিউক্লিয়াসের বিভাজনকে বলা হয় ক্যারিওকাইনেসিস।

→ সাইটোপ্লাজমের বিভাজনকে বলা হয় সাইটোকাইনেসিস।

24. নিচের কোনটি 'Flame test' এ 'Golden yellow' প্রতীয়মান হয়?

- A. Cu B. K
C. Na D. Ca

Solve: দেখে নাও বিভিন্ন ধাতব আয়নের শিখা পরীক্ষায় সৃষ্ট বিভিন্ন বর্ণঃ

লবণ	পর্যবেক্ষণ শিখার বর্ণ		সিদ্ধান্ত
	খালি চোখে বর্ণ	নীল কাচে বর্ণ	
Na লবণ	সোনালী, হলুদ	বর্ণহীন	Na ⁺ আয়ন
K লবণ	বেগুনী (violet)	গোলাপী লাল (crimson)	K ⁺ আয়ন
Ca লবণ	ইটের ন্যায় লাল (Brick-red)	হালকা সবুজ (light green)	Ca ⁺ আয়ন
Cu লবণ	নীলাভ সবুজ		Cu ²⁺ আয়ন

25. "গ্রহ গুলির গতিপথ উপবৃত্তাকার" তত্ত্বটি কে আবিষ্কার করেছেন?

- A. কেপলার
B. টলেমি
C. পিথাগোরাস
D. গ্যালিলিও

Solve: "গ্রহ গুলির গতিপথ উপবৃত্তাকার" - তত্ত্বটি আবিষ্কার করেন বিজ্ঞানী কেপলার।

Note: আরো কয়েকজন পদার্থবিজ্ঞানীর অবদান: [ইসহাক+তপন]

বিজ্ঞানীর নাম	অবদান
আর্কিমিডিস	- লিভারের নীতি - তরলে নিমজ্জিত বস্তুর উপর ক্রিয়াশীল উর্ধ্বমুখী বলের সূত্র আবিষ্কার - গোলীয় দর্পণের সাহায্যে সূর্যের রশ্মি কেন্দ্রীভূত করে আগুন ধরানো কৌশল উদ্ভাবন।
গ্যালিলিও	- পড়ন্ত বস্তুর সূত্র আবিষ্কার - স্মৃতিবিদ্যার ভিত্তি স্থাপন - দূরবীক্ষণের সাহায্যে মহাকাশ নিরীক্ষণ এবং নক্ষত্র আবিষ্কার করেন - রচিত গ্রন্থ "The Law of Motion."
স্যার আইজ্যাক নিউটন	- আলোর কণিকা তত্ত্বের প্রবক্তা - মহাকর্ষ সূত্র আবিষ্কার - ক্যালকুলাস এবং প্রতিফলক টেলিস্কোপ আবিষ্কার - রচিত গ্রন্থ ফিলোসোফিয়া ন্যাচারালিস প্রিন্সিপিয়া ম্যাথমেটিকস'
থমাস ইয়ং	- বলবিদ্যা ও পদার্থের স্থিতিস্থাপকতা সম্পর্কিত তত্ত্ব - আলোর তরঙ্গ তত্ত্ব - চোখের সংবেদনশীল বর্ণগুলো নিয়ে তত্ত্ব - আলোর ব্যতিচার সম্পর্কিত দ্বি-চির পরীক্ষা আবিষ্কার করেন।
মাইকেল ফ্যারাডে	- তড়িৎ বিশ্লেষণ সূত্র প্রদান - তড়িৎ চৌম্বক আবেশ আবিষ্কার
আর্নেস্ট রাদারফোর্ড	- সোলার সিস্টেম এটম মডেলের উদ্ভাবক - α, β, γ কণার আবিষ্কার
আলবার্ট আইনস্টাইন	- ফোটন তত্ত্ব - ত্বাপেক্ষিকতার তত্ত্ব উপস্থাপন করেন - $E = mc^2$ সূত্র আবিষ্কার করেন
ম্যাক্স প্লাংক	- বিকিরণ বিষয়ক কোয়ান্টাম তত্ত্ব প্রদান করেন।

26. Which one is the correct word to fill up the gap in the sentence? Safrin has lost her cellphone again. This is the second time this — .

- A. happens B. has happened
C. is happening D. happened

Solve: যেহেতু সেলফোন হারানো ঘটনাটি অতীতে ঘটেছে; তাই এটি Past indefinite tense হবে। সুতরাং সঠিক উত্তর হবে অপশন 'D' অর্থাৎ 'happened'.

Note: দেখে নাও Right forms of verb এর কিছু নিয়ম:

- Just, Just now, Ever, Yet, Already ইত্যাদি শব্দ সমূহ কোনো বাক্যে থাকলে তা Present Perfect tense হয়। যেমন :
→ You ever (be) to New York.
= Have you ever been to New York?
- No sooner had.....than, Scarcely had.....when, Hardly had..... before/when থাকলে ১ম Verb টি Past participle এবং ২য় Verb টি Past form করতে হয়। যেমন :
→ No sooner had I reached the station than the train left.
→ Scarcely had I reached the station when the train left.
→ Hardly had I reached the station when the train left.
- As if, As though দ্বারা দুটি Clause যুক্ত হলে ১ম টি Present indefinite হলেও ২য় টি Past indefinite হয়। যেমন : He talks as if he knew everything
- Before এর পূর্বে সর্বদা Past perfect tense এবং after এর পরে সর্বদা Past perfect tense হয়। যেমন :
→ The patient (die) before the doctor came
= The patient had died before the doctor came.
→ The patient (die) after the doctor (come)
= The patient died after the doctor had come.
- Had better, had rather, would better; would rather, let, must, need, dare ইত্যাদির পর সর্বদাই verb এর present form বসে কিন্তু to বসে না। যেমন : You had better (to go) home.
= You had better go home.

27. আন্তঃকশেরকা চাকতিতে কী ধরনের তরুণাঙ্ঘি পাওয়া যায়?

- A. স্থিতিস্থাপক তরুণাঙ্ঘি B. চুনময় তরুণাঙ্ঘি
C. শ্বেত-তন্ত্রময় তরুণাঙ্ঘি D. স্বচ্ছ তরুণাঙ্ঘি

Solve: দেখে নাও তরুণাঙ্ঘি/ কোমলাঙ্ঘি সম্পর্কিত বিভিন্ন তথ্য:

[আজমল+আলীম]

- কনড্রিন (কনড্রোমিউকয়েড + কনড্রোঅ্যালবুনয়েড প্রোটিন) দ্বারা তরুণাঙ্ঘি গঠিত।
- তরুণাঙ্ঘির কোষকে কনড্রোসাইট বলে।
- তরুণাঙ্ঘিতে ল্যাকুনা গহ্বর পাওয়া যায়।
- তরুণাঙ্ঘি ৪ ধরনের। যথাঃ

তরুণাঙ্ঘি	অবস্থান
i. স্বচ্ছ বা হায়ালিন	স্তন্যপায়ীর নাক, শ্বাসনালী, স্বরযন্ত্র, পর্শকার প্রান্তভাগ, অস্থি সন্ধিস্থল, সকল মেরুদণ্ডীয় কঙ্কাল, ব্যাঙ ও হাঙরের ক্রন বা পরিণত দেহে।
ii. স্থিতিস্থাপক বা পীততন্ত্রময়	বহিঃকর্ণ বা পিনা, আলজিহ্বা, স্বরযন্ত্র, নাসিকার অগ্রভাগ, ইউস্টেশিয়ান নালী।
iii. শ্বেত তন্ত্রময়	বিশেষ কয়েকটি সন্ধিতে, যেমন: দুটি কশেরুকার মধ্যবর্তী অঞ্চলে, পিউবিস সিমফাইসিস, অস্থি ও টেনডনের সংযোগস্থল
iv. চুনময় বা ক্যালসিফাইড	হিউমেরাস ও ফিমারের মস্তকে

28. কোন সালে বাংলাদেশ ক্রিকেট "ওয়ান ডেস্ট্যাটাস" লাভ করে?

- A. ১৯৯৬
B. ১৯৯৮
C. ১৯৯৭
D. ১৯৯৯

Solve : জেনে নাও বাংলাদেশ ও ক্রিকেট সম্পর্কিত কিছু তথ্য:

- বাংলাদেশ টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ করে- ২৬ জুন ২০০০ সালে
- বাংলাদেশ ওয়ানডে ক্রিকেটের মর্যাদা লাভ করে- ১৫ জুন ১৯৯৭ সালে
- বাংলাদেশ প্রথম যে দলের সাথে প্রথম টেস্ট খেলে- ভারত
- টেস্ট ক্রিকেটে বাংলাদেশের প্রথম সেঞ্চুরিয়ান- আমিনুল ইসলাম বুলবুল
- বাংলাদেশ টেস্ট ক্রিকেটে প্রথম জয়লাভ করে যে দলের বিপক্ষে- জিম্বাবুয়ে (২০০৫)
- টেস্ট ক্রিকেটে হ্যাটট্রিককারী প্রথম বাংলাদেশী বোলার- অলক কাপালি
- টেস্ট ক্রিকেটে বাংলাদেশ প্রথম যে দেশের বিপক্ষে সিরিজ জয় করে- জিম্বাবুয়ের বিপক্ষে
- বাংলাদেশ প্রথম ওয়ানডে খেলে- পাকিস্তানের সাথে
- ওয়ানডে ক্রিকেটে বাংলাদেশের প্রথম অধিনায়ক- গাজী আশরাফ হোসেন লিপু
- ওয়ানডে ক্রিকেটে বাংলাদেশ প্রথম জয় পায়- কেনিয়ার বিপক্ষে
- ওয়ানডে ক্রিকেটে বাংলাদেশের প্রথম সেঞ্চুরিয়ান- মেহরাব হোসেন অপি
- ওয়ানডে ক্রিকেটে প্রথম হ্যাটট্রিককারী বাংলাদেশী বোলার শাহাদাত হোসেন
- ওয়ানডে ক্রিকেটে বাংলাদেশের প্রথম সিরিজ জয়- জিম্বাবুয়ের বিপক্ষে

29. নিচের কোনটি জারক ও বিজারক উভয় হিসাবেই কাজ করে?

- A. Ammonia
B. Nitrogen peroxide
C. Nitric acid
D. Nitrous acid

Solve : নিচের ব্যাখ্যাটি লক্ষ্য কর:

→ জারক, বিজারক পদার্থের উদাহরণঃ [হাজারী+সঞ্জিত]

জারক	বিজারক
সকল অধাতু, হ্যালোজেন (F ₂ , Cl ₂ , Br ₂ , I ₂), O ₃ , O ₂ , KMnO ₄ , K ₂ Cr ₂ O ₇ . পার অক্সাইড, পার-অক্সিএসিড ও তাদের লবণ (KCl, KNO ₃) ডাইঅক্সাইড (MnO ₂ , PbO ₂), H ₂ O ₂ এবং ইক যৌগ সমূহ। (FeCl ₃ , SnCl ₄), (KMnO ₄ +KOH) ও (K ₂ Cr ₂ O ₇ +H ₂ SO ₄) এদের মিশ্রণ, অ্যাকোয়া রিজিয়া, পার অক্সাইড, পার অক্সিএসিড ও তাদের লবণ।	ক্ষার ধাতু, মৃৎক্ষার ধাতুসমূহ, Na ₂ C ₂ O ₄ , Na ₂ S ₂ O ₃ , H ₂ , C, CO, H ₂ S, HI, HBr, অস যৌগসমূহ (FeO, FeCl ₂ , SnCl ₂), (Zn+H ₂ SO ₄) এর মিশ্রণ, নিম্নতর অক্সি এসিড ও তাদের লবণ।

→ একই সাথে জারক ও বিজারক হিসেবে কাজ করে- NO, HNO₂, SO₂, H₂O₂, O₃.

30. নিচের কোনটি উদ্ভিদ কোষে থাকে না?

- A. প্লাস্টিড
B. সঞ্চিত খাদ্য শ্বেতসার
C. কোষ প্রাচীর
D. সেন্ট্রোসোম

Solve : সাধারণত উদ্ভিদ কোষে সেন্ট্রোসোম থাকে না। তবে মসবর্গীয়, ফার্নবর্গীয় ও নগ্নবীজী উদ্ভিদে সেন্ট্রোসোম পাওয়া যায়। আর প্লাস্টিড, কোষপ্রাচীর ও শ্বেতসার উদ্ভিদ কোষে উপস্থিত।

31. বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশিকা অনুযায়ী পানীয় জলে আর্সেনিকের নিরাপদ মাত্রা কত?

- A. 0.1 mg/L
B. 1 mg/L
C. 0.001 mg/L
D. 0.01 mg/L

Solve : নিচের তথ্যগুলো মনে রাখি:

- WHO এর মতে পানীয় জলে আর্সেনিকের নিরাপদ মাত্রা = 0.01 mg/L বা ppm
- মানব শরীরে আর্সেনিকের সর্বোচ্চ সহনশীল মাত্রা = 0.05 mg/L বা ppm
- বাংলাদেশের পানীয় জলে আর্সেনিকের সর্বোচ্চ গ্রহণযোগ্য মাত্রা = 0.05 mg/L বা ppm

32. রংধনুর সাথে নিচের কোনটি সামঞ্জস্যপূর্ণ নয়?

- A. প্রতিসরণ
B. প্রতিফলন
C. বিচ্ছুরণ
D. নিরালিঙ্গরণ

Solve : রংধনু হলো ধনুকের মতো বাঁকা সাতটি রঙের আলোর সমাহার যা বায়ুমণ্ডলে অবস্থিত জলকণায় সূর্যালোকের প্রতিফলন, প্রতিসরণ ও বিচ্ছুরণের ফলে সৃষ্টি হয় এবং আকাশে দৃশ্যমান হয়।

33. কোন Lipoprotein কে 'Bad cholesterol' বলে?

- A. Chylomicron
B. Very low density lipoprotein
C. High density lipoprotein
D. Low density lipoprotein

Solve : High density lipoprotein এর মাত্রা মানব শরীরে বেশি থাকা ভালো বলে একে Good cholesterol বলে এবং Low density lipoprotein বেশি থাকা ক্ষতিকর বলে একে Bad cholesterol বলে।

34. নিচের কোনটি সহজে পানিতে দ্রবীভূত হয়?

- A. Nitrogen
B. Carbon
C. Iodine
D. Ammonia

Solve : অ্যামোনিয়া (NH₃) পানিতে সহজেই দ্রবীভূত হয়ে অ্যামোনিয়াম হাইড্রোক্সাইড (NH₄OH) ক্ষার গঠন করে।

35. ১ (এক) কিউসেক পানির ঘনফল কত লিটার?

- A. 28.517
B. 28.717
C. 28.917
D. 28.317

Solve : কিউসেক হলো পানি প্রবাহের একক। এক সেকেন্ডে এক ঘনফুট বা ২৮.৩১৭ লিটার পানি প্রবাহিত হলে তাকে এক কিউসেক বলে।

36. নিচের কোনটি 'Gaseous oxidizing agent'?

- A. H₂O₂
B. KMnO₄
C. H₂SO₄
D. O₃

Solve : দেখে নাও বিভিন্ন অবস্থায় বিভিন্ন জারক পদার্থ:

জারক পদার্থ	উদাহরণ
গ্যাসীয়	F ₂ , Cl ₂ , O ₂ , O ₃ , SO ₂ , NO ₂ প্রভৃতি।
তরল	Br ₂ , H ₂ O ₂ , HNO ₃ , H ₂ SO ₄ প্রভৃতি।
কঠিন	I ₂ , KMnO ₄ , K ₂ Cr ₂ O ₇ , KClO ₃ , MnO ₂ , FeCl ₃ প্রভৃতি।

37. Choose the correct word to fill up the gap in the following sentence. Alam ——— in Dhaka for ten years. Now he lives in Rangpur.

- A. has been living
B. lived
C. has lived
D. is living

Solve : প্রদত্ত বাক্যটিতে 'অতীত ঘটনা' নির্দেশ করা হয়েছে; তাই এটি Past indefinite tense হবে। সুতরাং সঠিক উত্তর হবে অপশন 'B' অর্থাৎ 'live'.

Note: দেখে নাও Right forms of verb এর কিছু নিয়ম :

- Since এর ১ম অংশ present indefinite হলে ২য় অংশ past Ind. এবং ১ম অংশ past Ind. হলে ২য় অংশ past perfect tense হয়। যেমন :
→ It is many years since I (meet) her last.
= It is many years since I met her last
→ It was many years since I (meet) her last
= It was many years since I had met her last
- Would you mind, mind, cannot help, with a view to, look forward to ইত্যাদির পর সর্বদাই verb এর সাথে ing যোগ হয়, যেমন :
→ Would you mind (to take) a cup of tea?
= Would you mind taking a cup of tea?
- It is high time, It is time, fancy, wish ইত্যাদির পর verb এর সর্বদাই past form হয়। যেমন :
→ It is high time we (to take) some steps
= It is high time we took some steps
- If + Subject + were থাকলে শেষ verb এর পূর্বে might, could, would বসে। যেমন :
→ If I were a bird, I (fly)
= If I were a bird, I would fly.
- If + present indefinite + future indefinite, যেমন :
→ If you study hard, you (pass) in the exam
= If you study hard, you will pass in the exam
- আবার, If + past indefinite + past conditional + (Subject + would/ might/could + মূল verb এর Past form) যেমন :
→ If I went, he (come)
= If I went, he would come
- আবার, If + past perfect + perfect conditional (Subject + would have/might have/could have + verb এর Past Participle form) যেমন :
→ If you had started earlier, you (catch) the bus.
= If you had started earlier, you would have caught the bus.

38. মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?

- A. ১২ B. ১০
C. ১১ D. ১৩

Solve : মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশকে ১১টি সেক্টরে ভাগ করা হয়েছিল।

Note: জেনে নাও কিছু গুরুত্বপূর্ণ তথ্য: *

- মুক্তিযুদ্ধের সময় কিছু অঞ্চলের সেক্টর নং:
 - চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম- ১নং
 - নোয়াখালী, কুমিল্লা- ২নং
 - হবিগঞ্জ, কিশোরগঞ্জ- ৩নং
 - রাজশাহী, পাবনা, বগুড়া জেলা- ৭নং
 - নৌ কমান্ডো, সমুদ্র উপকূলীয় অঞ্চল, অভ্যন্তরীণ নৌপথ- ১০ নং
 - ময়মনসিংহ ও টাংগাইল জেলা- ১১ নং
- এদেশের মানুষ চাই না, মাটি চাই উক্তিটি- ইয়াহিয়া খানের
- মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলে- ইস্টবেঙ্গল রেজিমেন্ট
- ভারত-বাংলাদেশ যৌথ বাহিনী গঠিত হয়- ২১ নভেম্বর ১৯৭১
- কোন জেলা প্রথম শত্রু মুক্ত হয়- যশোর জেলা (৬ ডিসেম্বর- ১৯৭১)
- ঢাকা সেনানিবাসস্থ মুক্তিযুদ্ধ জাদুঘরের নাম- বিজয় কেতন

39. হাইড্রার কোন অংশে নিভোসাইট কোষ সবচেয়ে বেশি থাকে?

- A. দেহ প্রাচীর B. কর্টিক্স
C. দেহ কাড D. পাদ-চক্র

Solve : Hydra-র পাদচক্র বাতীত দেহের সর্বত্র নিভোসাইট কোষ বিদ্যমান থাকে। তবে, কর্টিক্সে এদের সংখ্যা অধিক।

40. নিচের কোনটি প্রধান 'Green house gas'?

- A. O₂ B. CFC
C. CO₂ D. CH₄

Solve : প্রধান গ্রীনহাউজ গ্যাস হলো CO₂

Note: বিভিন্ন মিন হাউজ গ্যাস ও শতকরা পরিমাণ: [হাজারী] *

মিন হাউজ গ্যাস	বায়ুতে % পরিমাণ	তুলনামূলক মিন হাউজ প্রভাব
CO ₂ গ্যাস	49%	1 গুণ
CH ₄ গ্যাস	18%	23 গুণ
N ₂ O গ্যাস	6%	270 গুণ
CFC গ্যাস	8%	10,000 গুণ
ওজোন (O ₃)	12%	10 গুণ
জননীয় বাষ্প + অন্যান্য গ্যাস	5%	5 গুণ

41. শূন্য মাধ্যমে আলোর গতি হচ্ছে — meter/second.

- A. 599 692 758 B. 299 792 458
C. 499 992 658 D. 399 892 558

Solve : আলো এক প্রকার তাড়িতচৌম্বক তরঙ্গ; যা শূন্য মাধ্যমে 299 792 458 বেগে চলে।

42. নিচের কোনটি DNA ভাইরাস?

- A. হেপাটাইটিস বি B. চিকুনগুনিয়া
C. টোবোকো মোজাইক D. ভেঙ্গু

Solve : দেখে নাও DNA ও RNA ভাইরাসের উদাহরণ: [আজিবুর]

- DNA ভাইরাস- T₂ ভাইরাস, ভ্যাকসিনিয়া, হেপাটাইটিস বি, ভ্যারিচেলা, TIV এডিনোহার্পিস সিমপ্লেক্স ইত্যাদি
- RNA ভাইরাস- TMV, HIV, ভেঙ্গু, পোলিও, মাম্পস, পটেটো ভাইরাস, ভ্যাগারকেন মোজাইক, রেবিস, আলফা-আলফা মোজাইক, পীতজ্বর, মিজলস, ইনফ্লুয়েঞ্জা-B, এনসেফালারটিস।

43. সোডিয়াম আয়নে কতগুলো ইলেকট্রন থাকে?

- A. 13 B. 5
C. 11 D. 1

Solve : সাধারণত সোডিয়াম (Na) মৌলে ইলেকট্রন থাকে ১১টি। কিন্তু যখন সোডিয়াম মৌল আয়নে পরিণত হয় তখন এর সংকেত হয় Na⁺। আর সোডিয়াম আয়ন (Na⁺) অবস্থায় এর ইলেকট্রন সংখ্যা ১০ টি।

44. নিচের কোনটিতে পদার্থবিদ্যার লব্ধ জ্ঞান চিকিৎসা বিদ্যায় প্রয়োগ করা হয় না?

- A. Biometric attendance
B. X-ray
C. Magnetic Resonance Imaging
D. Ultrasound

Solve : পদার্থবিদ্যালব্ধ জ্ঞান চিকিৎসা বিদ্যায় যেসব ক্ষেত্রে প্রয়োগ করা হয়: X-ray, Magnetic Resonance Imaging, Ultrasound, CT scan, Positron Emitting Tomography প্রভৃতি।

45. Which one of the following is past participle form of 'swim'?

- A. Swum B. Swem
C. Swam D. Swom

Solve : দেখে নাও কয়েকটি গুরুত্বপূর্ণ Verb এর Present, Past, Past Participle form:

Present	Past	Past Participle
Bid (আদেশ করা)	bade, bid	bidden, bid
Fly (উড়া)	flew	flown
Ride (ঘোড়ার চড়া)	rode	ridden
Slay (হত্যা করা)	Slew	Slain
Wear (পরিধান করা)	wore	worn
Swim (সাঁতার কাটা)	swam	swum
Tear (ছিড়ে ফেলা)	tore	torn
Chide (তিরস্কার করা)	chid	chid
Spring (লাফান)	sprang	sprung
Smite (আঘাত করা)	smote	smitten
Shrink (সঙ্কুচিত করা)	shrank	shrunk
forsake (পরিত্যাগ করা)	forsook	forsaken
Weave (বোনা)	wove	woven

Note: কিছু কিছু শব্দের Present, Past, Past Participle 3 টি form একই।
যেমন: bet, cast, cost, hurt, rid, shed, split, shut, burst ইত্যাদি।

46. কোন বিখ্যাত গায়ক মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশের জন্য নিউইয়র্কে কনসার্ট করে অর্থ সংগ্রহ করেন?

- A. এভিভস প্রিন্সলি B. লতা মঙ্গেশ্কার
C. মহম্মদ রাফি D. জর্জ হ্যারিসন

Solve : ১ আগস্ট, ১৯৭১ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ারে দ্য বিটলস ব্যান্ডদের গায়ক জর্জ হ্যারিসন ও ভারতীয় সেতারবাদক পণ্ডিত রবিশংকরের তত্ত্বাবধানে অনুষ্ঠিত হয় কনসার্ট ফর বাংলাদেশ। উক্ত অনুষ্ঠানে ৪০ হাজার শ্রোতা-দর্শক সমবেত হয়েছিল।


47. ঘাসফড়িং এর হেপাটিক সিকা কয়টি?

- A. 8 B. 14
C. 10 D. 12

Solve : দেখে নাও ঘাসফড়িং এর পৌষ্টিকতন্ত্রের বিভিন্ন অংশ:

→ ঘাসফড়িং-এর পৌষ্টিকতন্ত্র নিম্নলিখিত অংশ নিয়ে গঠিত-

পৌষ্টিকতন্ত্র



48. নিচের কোনটির প্রোটন আসক্তি সবচেয়ে বেশি?

- A. NH₃ B. H₂O
C. H₂S D. PH₃

Solve : অপশনে প্রদত্ত যৌগসমূহের প্রোটন আসক্তির ক্রম: *
NH₃(854 kJ/mol) > PH₃(789 kJ/mol) > H₂S(712 kJ/mol) > H₂O(697 kJ/mol).

49. অর্ধ জীবন (Half-life) এর প্রতীক কোনটি?

- A. t_{1/2} B. T_{1/2}
C. ½ T D. ½ t

Solve : অর্ধজীবন বা 'Half life; এর প্রতীক 'T_{1/2}'

Note: নিচের তথ্যগুলো মনে রাখি: [তপন]

- ☞ পমাণুর নিউক্লিয়াস আবিষ্কার করেন বিজ্ঞানী রাদারফোর্ড।
- ☞ যাদের পারমাণবিক ওজন 206 এর বেশি সেসব মৌল তেজস্ক্রিয়।
- ☞ কোন বস্তুর প্রতি সেকেন্ডে 3.7×10^{10} সংখ্যক পরমাণুর ভাঙ্গনকে 1 কুরী বলে।
- ☞ কোন বস্তুর প্রতি সেকেন্ডে একটি পরমাণুর ভাঙ্গনকে 1 বেকেরেল বলে।
- ☞ অর্ধায়ু গড় আয়ুর সমানুপাতিক
- ☞ প্রতিটি ফিশনে প্রায় 200 MeV শক্তি উৎপন্ন হয়।
- ☞ ব্রিডার চুল্লী প্লুটোনিয়াম তৈরির কাজে ব্যবহৃত হয়।

50. কোন দ্রবণে নীল লিটমাস লালে রূপান্তরিত হয়?

- A. Acid B. Alkali
C. Base D. Salt

Solve : এসিড দ্রবণে নীল লিটমাস লালে, ক্ষার দ্রবণে লাল লিটমাস নীলে রূপান্তরিত হয় কিন্তু লবণের দ্রবণে লিটমাস পেপারের কোনো পরিবর্তন হয় না।

51. ছত্রাকের কোষ প্রাচীরের মুখ্য উপাদান কোনটি?

- A. সেলুলোজ
B. আরগোস্টেরল
C. গ্লাইকোজেন
D. কাইটিন

Solve : ছত্রাকের কোষ প্রাচীরের মুখ্য উপাদান হলো কাইটিন।

Note: দেখে নাও ছত্রাকের গঠন সংক্রান্ত বিভিন্ন তথ্য: [হাসান+আজিবুর]

- ছত্রাক সম্পর্কিত স্টাডিকে মাইকোলজি বলে।
- ছত্রাকের কোষপ্রাচীর কাইটিন নির্মিত।
- ছত্রাকের সঞ্চিত খাদ্য প্রধানত গ্লাইকোজেন, তৈলবিন্দু, ভলিউটিন ও চর্বি
- কিছু ছত্রাক ৫° সে. নিম্নতাপমাত্রায় এবং কিছু ছত্রাক ৫০° সে. এর উচ্চতাপমাত্রায় জন্মাতে পারে।
- সিনোসাইটিক মাইসেলিয়াম বিশিষ্ট ছত্রাক-Saprolegnia Sp
- হস্টোরিয়াম বিশিষ্ট ছত্রাক-Phytophthora
- রাইজোমর্ফ বিশিষ্ট ছত্রাক-Agaricus
- মাইকোরাইজাল ছত্রাক হলো-Saprolegnia sp, Amanita
- হলোক্যারপিক ছত্রাক-Synchytrium.
- ইউক্যারপিক ছত্রাক-Saprolegnia
- ডুমিজ ছত্রাক-Dactylaria
- Agaricus-এর দড়ির মতো হাইফাল অংশকে বলে রাইজোমর্ফ
- Agaricus-এর গোড়ার দিকে কাণ্ডের ন্যায় অংশকে স্টাইপ বলে এবং উপরের দিকে ছাতার ন্যায় অংশকে পাইলিয়াস বলে।
- Agaricus-এর গিলের সাবহাইমেনিয়াম ২-৩ নিউক্লিয়াস বিশিষ্ট।

52. নিচের কোন 'হাইড্রক্সাইড' টি অম্লধর্মী?

- A. B(OH)₃ B. Mg(OH)₂
C. Zn(OH)₂ D. Ga(OH)₃

Solve : সাধারণত ধাতব অক্সাইড বা হাইড্রক্সাইডসমূহ ক্ষারধর্মী এবং অধাতব অক্সাইড বা হাইড্রক্সাইডসমূহ অম্লধর্মী হয়। সুতরাং B(OH)₃ অধাতব হাইড্রক্সাইড হওয়ায় এটি অম্লধর্মী।

53. 48 মিটার/সেকেন্ড বেগে একটি বল খাড়া উপরের দিকে নিক্ষেপ করলে কত সময় শূন্য থাকবে?

- A. 9.8 s B. 8.4 s
C. 4.8 s D. 9.0 s

Solve : পর্যায়কাল, $T = \frac{2u}{g} = \frac{2 \times 48}{9.8} = 9.8s$

54. শ্বাসতন্ত্রের কোন অংশে গ্যাসীয় বিনিময় হয়?

- A. ট্র্যাকিয়া
B. অ্যালভিওলাস
C. ব্রঙ্কিওল
D. ব্রঙ্কাস

Solve : শ্বাসতন্ত্রের 'অ্যালভিওলাস' অংশে গ্যাসীয় বিনিময় ঘটে।

Note: দেখে নাও অ্যালভিওলাসের গঠন: [আলীম]

- ফুসফুসের গঠন ও কার্যগত একক হচ্ছে অ্যালভিওলাস।
- অ্যালভিওলাসের ব্যাস 0.2µm এবং প্রাচীর 0.1µm পুরু এবং বহির্দেশ ঘন কৈশিক জালিকা সমৃদ্ধ।
- অ্যালভিওলাসের প্রাচীর থেকে সারফেকট্যান্ট ক্ষরিত হয়।
- ২৩ সপ্তাহ বয়স্ক মানবজন্মে সর্বপ্রথম সারফেকট্যান্ট ক্ষরণ শুরু হয়।
- মানুষের ফুসফুসে প্রায় ৭০-৯০ বর্গমিটার আয়তনের তল জুড়ে ৭০০ মিলিয়ন এরও বেশি সংখ্যক অ্যালভিওলাস রয়েছে [গড়ে ৪৮০ মিলিয়ন]।

55. For present continuous tense, which of the following is correct?

- A. Don't make so much noise, I was trying to work.
B. Don't make so much noise, I tried to work.
C. Don't make so much noise, I had tried to work.
D. Don't make so much noise, I am trying to work.

Solve : অপশন 'D' এর বাক্যটি Present Continuous form- এ আছে।

Note: দেখে নাও বিভিন্ন Tense এর গঠন:

Tense	Structure
1. Present Indefinite	Subject + Verb (e/es) + object
2. Present Continuous	Subject + am/is/are + (v + ing) + object
